

FAQ

- **উপ-প্রকল্প কি?**
 - ভূ-উপরিচ্ছ কোন এলাকায় (< ১০০০ হেক্টর) যদি বৃহত্তর কৃষি কাজের জন্য পানির অভাব থাকে বা পানির আধিক্য থাকে (জলাবদ্ধতা) তবে ঐ এলাকাকে এক একটি উপ-প্রকল্প হিসাবে চিহ্নিত করা হয়। উপ প্রকল্পকে Sub Project সংক্ষেপে SP নামে অবহিত করা হয়।
- **উপ-প্রকল্প উন্নয়নে কি কি অবকাঠামো করা হয়ে থাকে?**
 - উপ-প্রকল্পে সেচের পানি সরবরাহ করার জন্য সাধারণত এক বা একাধিক খাল পুনঃখনন, বৃষ্টির পানি ধারণ করার জন্য রেগুলেটর/সুইস গেট নির্মাণ, রাবার ড্যাম নির্মাণ, গ্রামীণ বন্যার পানি সাময়িক প্রতিরোধ করার জন্য Low Head Flood Management বাঁধ নির্মাণ, বন্যার পানি নিষ্কাশন, জলাবদ্ধতা দূরীকরণ ও সেচের জন্য খাল পুনঃখনন, ভূ-গর্ভস্থ পানির লাইন নির্মাণ, পরিচালনা ও রক্ষণাবেক্ষণ অফিস, কৃষির Input and Output পরিবহনের জন্য ফার্ম এক্সেস রোড, ভ্যালু চেইন ইত্যাদি খাতে জনগণের চাহিদা মাফিক উন্নয়ন কাজ করা হয়।
- **উপ প্রকল্পে কি পাম্প সরবরাহ করা হয়?**
 - না, এই ধরনের প্রকল্প সরকারের Participatory গাইড লাইনের এর উপর ভিত্তি করে প্রতিষ্ঠিত। তাই এখানে এলজিইডি পানির সহজ লভ্যতার জন্য অবকাঠামো উন্নয়ন ও প্রতিষ্ঠান গঠন করে দেয়। পাম্প ক্রয়, পানি বিতরণ, সার্ভিস চার্জ আদায়, অপারেটর নিয়োগ ইত্যাদি পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি করে থাকে।
- **হস্তান্তরিত প্রকল্প কি?**
 - এই জাতীয় প্রকল্প সমাপ্ত হলে প্রকল্পের Exit Plan অনুসারে Sustainably রক্ষায় প্রকল্প পরিচালক সকল অবকাঠামো ব্যবহারের জন্য ২০ বছরের জন্য একই সঙ্গে পানি ব্যবস্থাপনা সমবায় সমিতির ও এলজিইডির IWRM Unit এর নিকট হস্তান্তর করে। এমতাবস্থায় তাকে হস্তান্তরিত উপ প্রকল্প বলে। এলজিইডির আইডব্লিআরএম ইউনিট Handover SP কে দেখভাল করে থাকে।
- **কার্যকারিতা বৃদ্ধি (Performance Enhancement) কি?**
 - হস্তান্তরিত উপ প্রকল্পের এলাকায় যদি সেচের আওতা বৃদ্ধি করার সুযোগ থাকে তবে পানি ব্যবস্থাপনা সমবায় সমিতির (পাবসস) এর চাহিদা মাফিক সেচের আওতা বৃদ্ধি বা Water Efficiency Increase করার জন্য উপ-প্রকল্পটি (SP) কে গ্রহণ করা হয় তখন উক্ত উপ প্রকল্পের উক্ত কার্যক্রমকে কার্যকারিতা বৃদ্ধি (Performance Enhancement) কার্যক্রম বলে।
- **কার্যকারিতা বৃদ্ধির জন্য পাবসস এর কি কোন যোগ্যতার প্রয়োজন হয়?**
 - হ্যাঁ, পাবসসকে প্রাতিষ্ঠানিক এবং অবকাঠামোর পরিচালনা ও রক্ষণাবেক্ষণের সুনির্দিষ্ট প্রোগ্রাম ছক অনুসারে প্রতিযোগিতায় টিকে যোগ্যতা অর্জন করেই কার্যকারিতা বৃদ্ধির তালিকাভুক্ত হতে হয়।
- **কার্যকারিতা বৃদ্ধিতে কি কি অবকাঠামোগত কাজ করা হয়?**
 - উপ প্রকল্প বাস্তবায়নের জন্য যেসকল কাজ করা হয় তার প্রায় সবগুলিই কার্যকারিতা বৃদ্ধির আওতায় উন্নয়ন করা যায়। যেমনঃ গেটকে বৃদ্ধি করা, বাঁধকে উঁচু করা, নতুন এলাকায় খাল পুনঃখনন, নতুন এলাকায় ভূ-গর্ভস্থ পানির পাইপ সম্প্রসারণ, পরিচালনা ও রক্ষণাবেক্ষণ ঘর ইত্যাদি নির্মাণ।
- **কার্যকারিতা বৃদ্ধির জন্য প্রতিষ্ঠানিক কি কি কাজ করা হয়?**
 - পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি কে শক্তিশালী করার ও Water Efficiency Increase করার সকল ধরনের ব্যবস্থা নেয়া হয়।
- **উপ-প্রকল্প পরিচালনা ও রক্ষণাবেক্ষণের দায়িত্ব কাদের?**
 - প্রতিটি উপ-প্রকল্প পরিচালনা ও রক্ষণাবেক্ষণ ও অন্যান্য সকল কাজ করার জন্য সমবায় অধিদপ্তর কর্তৃক রেজিষ্ট্রিকৃত একটি সমবায় সমিতি গঠন করা হয়। যাদেরকে পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি সংক্ষেপে পাবসস বলা হয়ে থাকে এই পাবসস এরই নির্বাচিত প্রতিনিধিগণ উপ-আইন অনুসারে প্রতিটি উপ প্রকল্প পরিচালনার ও নিয়মিত রক্ষণাবেক্ষণের জন্য দায়িত্বপ্রাপ্ত।



চলমান পাতা-২/২

- পানি ব্যবস্থাপনা সমবায় সমিতির সদস্য/সদস্যা কে কে হতে পারেন?
 - উপ আইন অনুসারে যে এলাকাতে উপ প্রকল্প (<১০০০হেক্ট) নেয়া হয় উপ আইন অনুসারে এই এলাকার সকল জনসাধারণ এই পাবসস এর সদস্য/সদস্যা হতে পারবেন।
- পাবসসের আইনগত ভিত্তি কি?
 - প্রতিটি পাবসস সমবায় আইন ২০০১ (সংশোধিত-২০১৩), সমবায় বিধিমালা-২০০৪ (সংশোধিত-২০২০) দ্বারা গঠিত উপ প্রকল্প আইন (Bye Law) দ্বারা নিয়ন্ত্রিত।
- উপ-প্রকল্প চিহ্নিত করার পর কিভাবে কাজ করা হয়?
 - উপ-প্রকল্প চিহ্নিত হওয়ার পর কমপক্ষে ১০ টি শর্ত পূরণ না করা হলে ঐ উপ-প্রকল্পে কোন উন্নয়নমূলক কাজ বা প্রতিষ্ঠানিক উন্নয়ন কাজ করা যায় না।
 - এই ১০ টি আবশ্যিক শর্ত ছাড়া বিরোধ সমস্যার সমাধান, পরিবেশ রক্ষা, ড্রাপট ডিজাইন মিটিং এ অবকাঠামোগুলি জনগণ কর্তৃক অনুমোদিত হওয়া প্রয়োজন।
 - অবকাঠামোগুলি নির্মাণের পর “পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি” ব্যবহারের উদ্দেশ্যে হস্তান্তর করা হয়।
 - প্রতিটি উপ-প্রকল্প সাধারণত ২০ (বিশ) বছর ব্যবহারের জন্য নির্মিত হয়।
- পাবসসের গুরুত্বপূর্ণ কাজ কি কি?
 - সমিতির সকলের কাছ থেকে সঞ্চয় আদায় করা, শেয়ার বিক্রি করা, পানির সার্ভিস চার্জ আদায় করা।
 - প্রতিবছর কমপক্ষে ২ (দুই) বার (বন্যার পূর্বে ও বন্যার পরে) যৌথ পরিদর্শন।
 - প্রতিবছর পরিচালনা ও রক্ষণাবেক্ষণ প্লান তৈরী করা।
 - সমাধিত ফসল ও মৎস্য উৎপাদনের জন্য ভূ-উপরিষ্ক পানি সম্পদের সুষ্ঠু ব্যবস্থাপনা করা।
 - এজিএম করা, অডিট করানো, পাক্ষিক সভা ও মাসিক সভা করা।
 - পাবসস সমবায় আইন/উপ আইন অনুসারে আয় বর্ধকমূলক কাজ করতে পারে।
 - হস্তান্তরিত অবকাঠামোগুলোর নিজস্ব টাকায় নিয়মিত রক্ষণাবেক্ষণ করা। ইত্যাদিসহ মোট ৩৩টি সুনির্দিষ্ট দায়িত্ব পাবসসকে পালন করতে হয়।
- এলজিইডি কি এই উপ প্রকল্পগুলো Sustainably রক্ষায় কোনো কাজ করে?
 - হ্যাঁ, প্রকল্প চলাকালীন সময়ে এলজিইডি প্রকল্প পরিচালকগণ এই সকল পাবসসের Sustainably রক্ষায় সকল প্রকার সাহায্য-সহযোগিতা ও দিক নির্দেশনা দিয়ে থাকেন।
 - প্রকল্প সমাপ্তির পর এলজিইডি'র “পানি সম্পদ ব্যবস্থাপনা ইউনিট (IWRMU)” এই সকল পাবসসকে প্রশিক্ষণসহ ভূ-উপরিষ্ক পানি সম্পদ ব্যবস্থাপনার সকল প্রকার সাহায্য সহযোগিতা কওে থাকে তাছাড়া এলজিইডি Periodic maintenance, Rehabilitation ও Emergency Maintenance এ আর্থিক ও কারিগরি সহায়তা করে থাকে।

[বিঃদ্রঃ এ সম্পর্কে যে কোন জিজ্ঞাসার জন্য যোগাযোগ ঃ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও ডিজাইন),
আইডরিউআরএমইউ, এলজিইডি, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭, অথবা ভিজিট
www.oldweb.lged.gov.bd/UnitPublication.aspx?UnitID=17]

৩৭